# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৪. রুকূ‘ হতে মাথা উঠানোর সময় যা বলবে

باب مَا يَقُولُ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ

আরবী

ـ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ نُمَيْرٍ، وَأَبُو مُعَاوِيَةَ وَوَكِيعٌ وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ كُلُّهُمْ عَنِ الأَعْمَشِ، عَنْ عُبَيْدِ بْنِ الْحَسَنِ، سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ أَبِي أَوْفَى، يَقُولُ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ يَقُولُ " سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَوَاتِ وَمِلْءَ الأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَىْءٍ بَعْدُ "

ـ صحيح : م

قَالَ أَبُو دَاوُدَ قَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ وَشُعْبَةُ بْنُ الْحَجَّاجِ عَنْ عُبَيْدٍ أَبِي الْحَسَنِ بِهَذَا الْحَدِيثِ لَيْسَ فِيهِ بَعْدَ الرُّكُوعِ . قَالَ سُفْيَانُ لَقِينَا الشَّيْخَ عُبَيْدًا أَبَا الْحَسَنِ بَعْدُ فَلَمْ يَقُلْ فِيهِ بَعْدَ الرُّكُوعِ . قَالَ أَبُو دَاوُدَ وَرَوَاهُ شُعْبَةُ عَنْ أَبِي عِصْمَةَ عَنِ الأَعْمَشِ عَنْ عُبَيْدٍ قَالَ " بَعْدَ الرُّكُوعِ "

বাংলা

৮৪৬। ’আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু’ হতে মাথা উঠিয়ে বলতেনঃ ’’সামিআল্লাহু লিমান হামিদাহ্‌ আল্লাহুম্মা রব্বানা ওয়া লাকাল হামদ, মিলআস-সামাওয়াতি ওয়া মিলআল আরদি ওয়া মিলআ মা শি’তা মিন শাইয়িন বা’দু’’।[1]

সহীহ : মুসলিম।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, সুফয়ান ও শু’বাহ হাদীসটি ’উবাইদ আবুল হাসান হতে বর্ণনা করেছেন। তাতে ’’রুকূ’র পরে’’ কথাটি উল্লেখ নেই। সুফয়ান সাওরী বলেন, আমরা শায়খ ’উবাইদ আবুল হাসানের সাথে সাক্ষাৎ করেছি। তিনিও তাতে ’রুকুর পরে’ কথাটি উল্লেখ করেননি। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, শু’বাহ (রহঃ) আবু ’ইসমাহ হতে, তিনি আ’মাশ হতে, তিনি ’উবাইদ হতে এ হাদীস বর্ণনার সময় ’’রুকুর পরে’’ কথাটি উল্লেখ করেন।

## English

Abd Allah b. Abi Awfa said:
When the Messenger of Allah (ﷺ) raised his head after bowing, he said: Allah listens to him who praises Him. O Allah, our lord, to Thee be the praise in the heavens and in all the earth, and all that it please Thee to create afterwards.

Abu Dawud said: Sufyan al-Thawri and Shu’bah b. al-Hajjaj reported on authority of Ubaid b. al-Hasan: There is no mention of the words “after bowing” in this tradition. Sufyan said: we met al-shaikh ‘Ubaid b. al-Hasan; he did not say the words “bowing” in it.

Abu dawud said: Shu’bah narrated this from Abi ‘Ismah, from al-A’mash, on the authority of ‘Ubaid, saying: “after bowing”.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ রুকূ‘ থেকে মাথা উঠিয়ে কি পাঠ করবে), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ মাথা উঠানোর পর কি বলবে, হাঃ ৮৭৮), আহমাদ। সকলেই আ‘মাশ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন